

ক্যাম্পাস সম্বন্ধে সবার সহযোগিতা চাই

দুর্নীতিমুক্ত দফা প্রশাসন গড়াই লক্ষ্য : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, তার সরকারের প্রধান লক্ষ্য হল জাতিকে সমৃদ্ধি ও অগ্রগতির দিকে নিয়ে যেতে একটি সং, দক্ষ, গতিশীল, দুর্নীতিমুক্ত ও গণমুখী প্রশাসন গড়ে তোলা।

প্রধানমন্ত্রী বলেন, "আমরা জনগণকে একটি ভাল সরকার উপহার দিতে চাই, যে সরকার জনগণের

কল্যাণের জন্য কাজ করবে।" গতকাল সকালে প্রধানমন্ত্রীর সচিবালয়ে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের সচিব ও অতিরিক্ত সচিবদের সঙ্গে এক বৈঠকে তিনি একথা বলেন। দেশের প্রধান নির্বাহী হওয়ার পর সচিব ও অতিরিক্ত সচিবদের সঙ্গে প্রধানমন্ত্রীর এটাই প্রথম বৈঠক। খবরবাসস'র।

বেগম জিয়া বলেন, বৈরাচরী সরকার উৎখাত হওয়ায় এই সরকারের কাছে জনগণের প্রত্যাশা খুব বেশী। তিনি বলেন, "জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণ করে তাদের কল্যাণ বয়ে আনার জন্য আমাদের সবাইকে

অবশ্যই আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে কঠোর পরিশ্রম করতে হবে।"

তিনি বলেন, দেশের সার্বিক উন্নয়নের জন্য সরকার ও প্রশাসন (৫-এর পৃঃ ৫ঃ)

৩৫. ৪. ৫